# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে বক্তি সূর্য উদয়ের আগে এক রাকাত পায় এবং সূর্য উদয়ের পর এক রাকাত সালাত পায়, সে ব্যক্তি এর মাধ্যমে ফজরের সালাত পেয়ে যায় মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُدْرِكَ رَكْعَةً مِنْ صَلَاةِ الصُّبْحِ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَرَكْعَةً بَعْدَهَا يَكُونُ مُدْرِكًا لِصَلَاةِ الْغَدَاةِ

---

আরবী

1583 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا معمر عَنِ ابْنِ طَاوُوسٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَدْرَكَ مِنَ الْعَصْرِ رَكْعَةً قَبْلَ أَنْ تَغْرُبَ الشَّمْسُ فَقَدْ أَدْرَكَهَا وَمَنْ أَدْرَكَ رَكْعَةً مِنَ الْفَجْرِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ [وَرَكْعَةً] بَعْدَمَا تَطْلُعُ فقد أدركها)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1583 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (2/ 274): م دون قوله: ((وركعة بعد ما تطلع ... ))؛ وهي مدرجة في نقدي.

বাংলা

১৫৮৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি সূর্য অস্ত যাওয়ার আগে এক রাকা‘আত সালাত পায়, সে ব্যক্তি সে সালাত পেয়ে যায়। আর যে ব্যক্তি সূর্য উদয়ের আগে এক রাকা‘আত সালাত পায় এবং সূর্য উদয়ের পরে এক রাকা‘আত সালাত পায় সে ব্যক্তি সে সালাত পেয়ে যায়।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২২২৭; আবূ আওয়ানা: ১/৩৭১; মুসনাদ আহমাদ: ২/২৮২; সহীহ মুসলিম: ৬০৮; আবূ দাউদ: ৪১২; আবূ আওয়ানা: ১/৩৭২; সুনান বাইহাকী: ১/৩৬৮; নাসাঈ: ১/২৫৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির “এবং সূর্য উদয়ের পরে এক রাকা‘আত সালাত পায়” অংশটুকু মুদরাজ আর বাকী অংশ সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/২৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন